

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৭২২

৬/ স্বলাত (নামায)

পরিচ্ছেদঃ ইমামতি বিষয়ক হাদীসসমূহ

আরবী

عَن أَبِي مَسْعُودِ الأَنْصَارِيِّ قَالَ قَالَ رَسُولُ اللهِ عَلَيْ يَؤُمُّ الْقَوْمَ أَقْرَوُهُمْ لِكِتَابِ اللهِ فَإِنْ كَانُوا فِي السُّنَّةِ سَوَاءً فَأَقْدَمُهُمْ هِجْرَةً فَإِنْ كَانُوا فِي السَّنَّةِ سَوَاءً فَأَقْدَمُهُمْ سِلْمًا وَلاَ يَوُمَّنَ الرَّجُلُ الرَّجُلُ الرَّجُلُ فِي سُلْطَانِهِ وَلاَ يَقْعُدْ فِي كَانُوا فِي الْهِجْرَةِ سَوَاءً فَأَقْدَمُهُمْ سِلْمًا وَلاَ يَوُمَّنَ الرَّجُلُ الرَّجُلُ الرَّجُلُ فِي سُلْطَانِهِ وَلاَ يَقْعُدْ فِي بَيْتِهِ عَلَى تَكْرِمَتِهِ إِلاَّ بِإِذْنِهِ

বাংলা

(৭২২) আবূ মাসউদ আনসারী (রাঃ) কর্তৃক বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, লোকেদের ইমামতি করবে সেই ব্যক্তি যে তাদের মধ্যে সর্বাপেক্ষা অধিক কুরআন (উত্তম ও বেশীরূপে) পাঠ করে। কুরআন পাঠে তারা সমমানের হলে যে ব্যক্তি সুন্নাহ বিষয়ে অধিক জ্ঞান রাখে সে ইমামতি করবে। এতেও তারা সমমানের হলে প্রথম হিজরতকারী তাতেও সমান হলে প্রথম যে মুসলিম হয়েছে সে ইমামতি করবে। আর কোন ব্যক্তি যেন কারো ইমামতির জায়গায় ইমামতি না করে এবং কারো আসনে তার বিনা অনুমতিতে না বসে।

ফুটনোট

(আহমাদ ১৭০৬৩, মুসলিম ১৫৬৪-১৫৬৬, আবু দাউদ ৫৮২, তিরমিয়ী ২৩৫, নাসাঈ ৭৮০, ইবনে মাজাহ ৯৮০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবন আমির (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন